রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১০ অগ্রহায়ণ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৫ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নম্বর ৪২২-আইন/২০২৬।—ইনভেস্ট বাংলাদেশ আইন, ২০২৬ (২০২৬ সনের ১০৪ নং আইন) এর ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথা:—

(১) **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই নীতিমালা প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (FDI) প্রণোদনা স্কিম নীতিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) প্রবাসী বাংলাদেশিসহ সকল বাংলাদেশি নাগরিক, এবং বাংলাদেশে নিবন্ধিত শতভাগ বাংলাদেশি নাগরিকদের মালিকানাধীন অংশীদারি প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানিসমূহের জন্য এই নীতিমালা প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়—

(ক) **"অবদান"** অর্থ এমন প্রাথমিক স্তরের সম্পৃক্ততা বোঝানো হইবে যাহা প্রাথমিক বিনিয়োগ সিদ্ধান্তে কার্যকর প্রভাব রাখিয়াছে;

(খ) **"SWIFT"** অর্থ এমন একটি SWIFT (Society for Worldwide Interbank Financial Telecommunication) পরিষেবা বা ট্রানজেকশন যাহা এন্টি মানি লন্ডারিং (AML) নীতিমালা ও নিয়মাবলির পূর্ণ সম্মতি ও অনুমোদনসহ পরিচালিত হয়;

(গ) **"আইন"** অর্থ ইনভেস্ট বাংলাদেশ আইন, ২০২৬ (২০২৬ সনের ১০৪ নং আইন);

মূল্য : টাকা ১৬.০০

(ঘ) **"আত্মীয়"** অর্থ কোনো ব্যক্তির স্বামী বা স্ত্রী, ছেলে, মেয়ে, ভাই, বোন বা বংশানুক্রমিক পূর্বপুরুষ বা উত্তরাধিকারী;

(ঙ) **"কর্তৃপক্ষ"** অর্থ আইন এর অধীন প্রতিষ্ঠিত 'ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ';

(চ) **"গ্রহণযোগ্য প্রমাণক"** অর্থ নিম্নোক্ত বিষয়সমূহ বুঝাইবে, যথা:—

(অ) স্বাক্ষরিত টার্ম শিট অথবা সমঝোতা স্মারক (MOU) যেখানে আবেদনকারীর অবদান উল্লেখ রহিয়াছে বা সভার কার্যবিবরণী যেখানে দুই পক্ষের স্বাক্ষর রহিয়াছে;

(আ) টাইমস্ট্যাম্পযুক্ত ইমেইল যা প্রাথমিক যোগাযোগ বা পরিচয় করিয়ে দেওয়া নির্দেশ করে; এবং

(ই) প্রযোজ্য ক্ষেত্রে, অন্যান্য গ্রহণযোগ্য প্রমাণক।

(ছ) **"টাইমস্টাম্প"** অর্থ এমন কোনো প্রমাণক যাহা ব্যবহার করা হয় তথ্য, ঘটনা, ফাইল, মেসেজ বা ডেটার সঠিক সময় (Real Time) চিহ্নিত করিবার জন্য;

(জ) **"নতুন ইক্যুইটি"** অর্থ বিদ্যমান বিনিয়োগকারীগণ যদি নিজ ব্যবসায়িক কার্যপরিধির বাহিরে সম্পূর্ণ নিজস্ব নূতন খাতে বা ভিন্ন কোম্পানিতে বিনিয়োগ করেন;

(ঝ) **"প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (FDI)"** অর্থ এমন একটি অর্থনৈতিক প্রক্রিয়া, যেখানে কোনো বিদেশি কোম্পানি, প্রতিষ্ঠান বা নাগরিক অন্য একটি দেশের ব্যবসায় বা প্রতিষ্ঠানে বা নিজে সরাসরি অর্থ বিনিয়োগ করে;

(ঞ) **"প্রস্তাবিত বিনিয়োগ খাত"** অর্থ কোনো নির্দিষ্ট শিল্পক্ষেত্র বা সেবা খাত যেখানে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান অর্থ বিনিয়োগ করিবার পরিকল্পনা বা প্রস্তাব করে; এবং

(ট) **"লিড জেনারেশন (Lead Generation)"** অর্থ এমন একটি মার্কেটিং প্রক্রিয়া, যাহা প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ আকর্ষণে ও আনয়নে অবদান রাখে।

৩। **প্রণোদনা প্রাপ্তির যোগ্যতার মানদন্ড।**—(১) প্রবাসী বাংলাদেশিসহ সকল বাংলাদেশি নাগরিক যাহাদের বৈধ জাতীয় পরিচয়পত্র (এনআইডি) বা পাসপোর্ট ও আয়কর পরিচিতি নম্বর বা ই-টিআইএন (e-TIN) রহিয়াছে এবং বাংলাদেশি নাগরিকদের শতভাগ মালিকানাধীন বাংলাদেশে নিবন্ধিত অংশীদারি প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানি রহিয়াছে তাহাদের সকলের জন্য এই নীতিমালার অধীন আবেদনের ভিত্তিতে প্রণোদনা প্রদান করা যাইবে।

(২) প্রবাসী বাংলাদেশিসহ সকল বাংলাদেশি নাগরিক এবং বাংলাদেশি নাগরিকদের শতভাগ মালিকানাধীন বাংলাদেশে নিবন্ধিত অংশীদারি প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানিসমূহকে অবশ্যই প্রাথমিক পর্যায়ে বিদেশি বিনিয়োগ উন্নয়নে তথা লিড জেনারেশনে সহায়ক এমন কার্যকর এবং স্বতন্ত্রভাবে যাচাইযোগ্য অবদান রাখিতে হইবে এবং বিনিয়োগের পূর্বেই কর্তৃপক্ষের পোর্টালে নিবন্ধন করিতে হইবে।

(৩) লিড জেনারেশনের সময় আবেদনকারী প্রবাসী বাংলাদেশিসহ সকল বাংলাদেশি নাগরিক এবং বাংলাদেশি নাগরিকদের শতভাগ মালিকানাধীন বাংলাদেশে নিবন্ধিত অংশীদারি প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানিসমূহের বিনিয়োগকারী বা যৌথ বিনিয়োগ প্রতিষ্ঠানের সহিত কোনো সম্পৃক্ততা থাকিতে পারিবে না এবং বিনিয়োগ হইবার ২ (দুই) বৎসর পূর্ব বা পর পর্যন্ত কোনো ধরনের আনুষ্ঠানিক সম্পর্ক রাখা যাইবে না এবং এই সম্পর্ক ডিজিটাল ব্যাকগ্রাউন্ড চেক ও হলফনামার মাধ্যমে যাচাই করা হইবে:

তবে শর্ত থাকে যে, পরবর্তীতে কোনো ব্যত্যয় প্রমাণিত হইলে আবেদনকারীর ও সংশ্লিষ্ট বিনিয়োগ প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৪) কর্মচারী, শেয়ার হোল্ডার, অথবা আত্মীয় যদি কোনো আনুষ্ঠানিক ভূমিকায় বিনিয়োগে সংশ্লিষ্ট থাকে তবে তাহা প্রণোদনা প্রাপ্তির অযোগ্যতা হিসাবে গণ্য হইবে।

(৫) বিনিয়োগ সম্পন্ন হইবার পূর্বেই প্রত্যেক আবেদনকারীকে কর্তৃপক্ষের নির্দিষ্ট পোর্টালে টাইমস্ট্যাম্পযুক্ত প্রমাণাদিসহ বিনিয়োগ সংক্রান্ত তথ্য প্রাক-নিবন্ধন করিতে হইবে এবং শুধু কার্যনির্বাহী কমিটি এই প্রাক-নিবন্ধন তথ্য দেখিতে পারিবে।

(৬) এই নীতিমালার আওতায় প্রণোদনা প্রাপ্তির ক্ষেত্রে, ন্যূনতম প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (FDI)-এর পরিমাণ হইবে ১ (এক) মিলিয়ন মার্কিন ডলার বা তাহার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা।

(৭) শুধু নূতন ইক্যুইটির ক্ষেত্রে এই প্রণোদনা প্রযোজ্য হইবে এবং ইহা বিদ্যমান শেয়ারহোল্ডারদের অতিরিক্ত শেয়ার কেনা বা উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য প্রযোজ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, বিদ্যমান বিনিয়োগকারীগণ নিজ ব্যবসায়িক কার্যপরিধির বাহিরে সম্পূর্ণ নিজস্ব নূতন খাতে বা ভিন্ন কোম্পানিতে বিনিয়োগ করেন, তাহা হইলে উহা গ্রহণযোগ্য হইবে।

(৮) এই নীতিমালার অধীন প্রণোদনার অর্থ পাইতে হইলে, আবেদনকারীকে সংযোজনী-ঙ অনুযায়ী ন্যূনতম ৭০ (সত্তর) শতাংশ নম্বর বা স্কোর অর্জন করিতে হইবে।

৪। **প্রণোদনার পরিমাণ।**—বাংলাদেশ ব্যাংকের অনলাইন মনিটরিং সিস্টেম হইতে প্রাপ্ত চূড়ান্তকৃত প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের উপর ভিত্তি করিয়া প্রণোদনার পরিমাণ হইবে মোট বৈদেশিক বিনিয়োগের ১.২৫ (এক দশমিক দুই পাঁচ) শতাংশ।

৫। **বাস্তবায়ন কাঠামো।**—(১) প্রণোদনা প্রদানের জন্য অর্থ বিভাগ অর্থবৎসরের শুরুতেই একটি সুনির্দিষ্ট স্বীকৃত 'এফডিআই ইনসেন্টিভ তহবিল' গঠন করিবে।

(২) পূর্ববর্তী বৎসরের প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের পরিমাণের ভিত্তিতে প্রতি বৎসর অর্থ বিভাগের নির্ধারিত কোডে এ বাবদ অর্থ বরাদ্দ প্রদান করিতে হইবে।

(৩) বাংলাদেশ ব্যাংকের এতদুদ্দেশ্যে জারীকৃত সার্কুলার মোতাবেক অনুমোদিত ব্যাংকসমূহ প্রণোদনার অর্থ ছাড় করিবে।

(৪) প্রণোদনা বিতরণের ক্ষেত্রে—

(অ) আবেদন অনুমোদন ও রেমিট্যান্স বা FDI এনক্যাশমেন্ট নিশ্চিত হইবার পর প্রাথমিক পর্যায়ে প্রণোদনার ৫০ (পঞ্চাশ) শতাংশ অর্থ বিতরণ করা হইবে;

(আ) রেমিট্যান্স বা FDI আগমনের ১ (এক) বৎসর পর বিনিয়োগকৃত প্রতিষ্ঠানের কারখানা স্থাপন বা যন্ত্রপাতি আমদানি বা বাণিজ্যিক কার্যক্রমের দৃশ্যমান অগ্রগতি এবং ইক্যুইটি বহাল থাকার বিষয়ে কার্যনির্বাহী কমিটির সন্তুষ্টি সাপেক্ষে বিতরণ করা হইবে।

(৫) এই নীতিমালা কার্যকর হইবার পূর্বে আনীত ইক্যুইটি FDI বিনিয়োগের জন্য কোনো প্রণোদনা প্রদান করা হইবে না।

৬। **আবেদন প্রক্রিয়া।**—(১) বিনিয়োগ সম্পন্ন হওয়ার পূর্বেই প্রত্যেক আবেদনকারীকে সংযোজনী-ক অনুযায়ী কর্তৃপক্ষের নির্দিষ্ট পোর্টালে বিনিয়োগ সংক্রান্ত তথ্য প্রাক-নিবন্ধন করিতে হইবে এবং টাইমস্ট্যাম্পযুক্ত প্রমাণাদি সংযুক্ত করিতে হইবে।

(২) FDI এর এনকেশমেন্ট তারিখ হইতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে একই পোর্টালের মাধ্যমে প্রণোদনার আবেদন করিতে হইবে।

(৩) যাহারা বিনিয়োগ চূড়ান্ত হওয়ার পূর্বেই প্রাক-নিবন্ধন সম্পন্ন করিয়াছেন এবং একটি বিশেষ (Unique) "Lead Registration ID" পাইয়াছেন তাহারা সংযোজনী-খ অনুযায়ী প্রণোদনার আবেদন করিবেন।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) সংযোজনী-ক অনুযায়ী প্রাক নিবন্ধনের সময় প্রাপ্ত স্বতন্ত্র রেজিস্ট্রেশন আইডি (Lead Registration ID);

(খ) যাচাইযোগ্য যোগাযোগের প্রমাণাদি;

(গ) সংযোজনী-গ অনুযায়ী বিনিয়োগকারীর সুপারিশপত্র;

(ঘ) সংযোজনী-ঘ অনুযায়ী হলফনামা; এবং

(ঙ) ই-টিআইএন সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট কপি, রেমিট্যান্স প্রমাণপত্র (SWIFT কপি) এবং অনুমোদিত ডিলার (AD) ব্যাংকের এনকেশমেন্ট সার্টিফিকেট।

৭। **যাচাই-বাছাই, মূল্যায়ন ও অনুমোদন প্রক্রিয়া।**—(১) অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন প্রাপ্ত আবেদনসমূহ স্বচ্ছতা ও জবাবদিহিতার সহিত নিষ্পত্তির জন্য একটি জাতীয় পর্যালোচনা কমিটি থাকিবে এবং যাহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) অর্থমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	যিনি ইহার চেয়ারম্যান হইবেন
(খ) চেয়ারম্যান, ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ	সদস্য
(গ) গভর্নর, বাংলাদেশ ব্যাংক	সদস্য
(ঘ) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড	সদস্য
(ঙ) সচিব, অর্থ বিভাগ	সদস্য
(চ) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য

(২) যাচাই-বাছাই ও মূল্যায়ন প্রক্রিয়ায় সহযোগিতার জন্য একটি কার্যনির্বাহী কমিটি থাকিবে, যাহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি	আহ্বায়ক
(খ) ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ এর প্রতিনিধি	সদস্য-সচিব
(গ) জাতীয় রাজস্ব বোর্ড-এর প্রতিনিধি	সদস্য
(ঘ) বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি	সদস্য
(ঙ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি	সদস্য

(৩) কার্যনির্বাহী কমিটি জাতীয় পর্যালোচনা কমিটির অনুমোদন সাপেক্ষে, যাচাই ও মূল্যায়নে সহায়তার জন্য কমিটিতে কোনো সদস্য কো-অপ্ট করিতে পারিবে বা তৃতীয় পক্ষ নিয়োগের অধিকার সংরক্ষণ করিবে।

(৪) কার্যনির্বাহী কমিটি বৎসরে অন্যূন ২ (দুই) বার সভা করিয়া জমাকৃত আবেদনসমূহ পর্যালোচনা করিবে এবং জাতীয় পর্যালোচনা কমিটিকে সুপারিশ প্রদান করিবে।

(৫) কার্যনির্বাহী কমিটি নিম্নবর্ণিত প্রক্রিয়ায় যাছাই কার্যক্রম সম্পন্ন করিবে, যথা:—

(ক) **প্রাকবাছাই:** সদস্য সচিবের নেতৃত্বে কমিটি আবেদন, পরিচয়পত্র, যোগাযোগের সময়সূচী দলিলপত্রসহ অন্যান্য সকল কাগজপত্রের পূর্ণাঙ্গতা যাচাই করিবে এবং অসম্পূর্ণ আবেদন সংশোধনের জন্য ১০ (দশ) কার্যদিবস সময় প্রদান করা হইবে;

(খ) **আবেদন মূল্যায়ন:** কার্যনির্বাহী কমিটি নির্ধারিত মানদণ্ড সংযোজনী-ঙ অনুযায়ী আবেদন মূল্যায়ন করিবে;

(গ) **চূড়ান্ত যাচাই:** আবেদনকারীর লীড জেনারেশনে ভূমিকা যাচাইয়ের লক্ষ্যে কার্যনির্বাহী কমিটি বিনিয়োগকারীর সহিত স্বাধীনভাবে সরাসরি বা ভিডিও কনফারেন্সিং বা কুটনৈতিক চ্যানেল বা ইমেইলে যোগাযোগ করিতে পারিবে;

(ঘ) **পর্যালোচনা:** বাংলাদেশ ফাইনান্সিয়াল ইনটেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর সহায়তায় আবেদনকারী ও বিনিয়োগকারীর তথ্যাদি ও আর্থিক ইতিহাস [জালিয়াতি বা AML (অর্থপাচার বিরোধী) নিয়মাবলি ভঙ্গ], ইত্যাদি পর্যালোচনা করিবে এবং যাচাই প্রক্রিয়ায় নিম্নলিখিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকিবে, যথা:—

(অ) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর [Office of the Registrar of Joint Stock Companies (RJSC)] ও বাংলাদেশ ব্যাংক ফাইলিংয়ের সহিত FDI মিলাইয়া দেখা;

(আ) তহবিলের উৎস SWIFT ও দাতা দেশের AML নিয়মাবলি অনুযায়ী যাচাই;

(ই) নগদ বা তৃতীয় পক্ষের মাধ্যমে FDI অর্থ প্রদান গ্রহণযোগ্য নহে;

(ঈ) তহবিলের চেইন ব্যাংক Beneficiary বা আবেদনকারীর অ্যাকাউন্টের সহিত সঙ্গতিপূর্ণ হইতে হইবে; এবং

(উ) প্রণোদনা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধানে "Third Party Audit" নিশ্চিত করিতে হইবে।

(৬) কার্যনির্বাহী কমিটি উপ-অনুচ্ছেদ (৫) অনুযায়ী যাচাই সম্পন্ন করিয়া চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন ও সুপারিশ জাতীয় পর্যালোচনা কমিটির নিকট পেশ করিবে এবং জাতীয় পর্যালোচনা কমিটি উহা চূড়ান্তভাবে নিস্পত্তি করিবে।

৮। **প্রণোদনার অর্থ বিতরণ।**—অনুচ্ছেদ ৭ এর অধীন আবেদন চূড়ান্ত অনুমোদনের পর বাংলাদেশ ব্যাংক, FDI তহবিল হইতে নির্বাচিত আবেদনকারীর ব্যাংক অ্যাকাউন্টে স্থানীয় মুদ্রায় এই নীতিমালায় বর্ণিত অর্থ প্রদান করিবে; প্রবাসী বাংলাদেশিরা এই অর্থ দেশের বাহিরে স্থানান্তর করিতে পারিবেন এবং দেশের বাহিরে অর্থ স্থানান্তরের বিষয়ে বাংলাদেশ ব্যাংক কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবে।

৯। **পর্যবেক্ষণ ও পরিচালনা কাঠামো।**—(১) ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ প্রতিবৎসর একটি বার্ষিক ড্যাশবোর্ড প্রকাশ করিবে, যাহাতে স্কিমটির সামগ্রিক কার্যকারিতা, প্রাপ্ত আবেদনপত্রের সংখ্যা, বিতরণকৃত প্রণোদনা এবং বৈদেশিক বিনিয়োগ সংক্রান্ত পরিসংখ্যান উপস্থাপন করা হইবে এবং স্বচ্ছতা নিশ্চিতকরণ ও অনিয়ম রোধে সার্বিক অসংগতির সার-সংক্ষেপ উহাতে উপস্থাপন করা হইবে।

(২) এই নীতিমালাটি জাতীয় পর্যালোচনা কমিটিতে প্রতিবৎসর পর্যালোচনা করা হইবে, যাহাতে স্কীম সংক্রান্ত চ্যালেঞ্জ ও প্রতিক্রিয়া চিহ্নিত করিয়া সমাধান করা যায় এবং উহার আলোকে সময়োপযোগী পরিমার্জন সম্ভব হয়।

সংযোজনী-ক

[অনুচ্ছেদ ৬ (১) ও ৬(৪)(ক) দ্রষ্টব্য]

লিড রেজিস্ট্রেশন জমাদানের ফরম্যাট [ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ ওয়েবসাইটে অন্তর্ভুক্তির জন্য]

১) লিড জেনারেটরের (ব্যক্তি/অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানি) পূর্ণ নাম:

(২) লিড জেনারেটরের জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট নম্বর/টিআইএন:

(৩) প্রস্তাবিত বিনিয়োগের খাত:

(৪) টার্গেট বাংলাদেশি প্রতিষ্ঠান (যদি প্রযোজ্য হয়):

(৫) বিদেশি বিনিয়োগকারীর নাম:

(৬) যোগাযোগের সংক্ষিপ্তসার (তারিখ, ধরন, বিষয়বস্তু):

(৭) সংযুক্তি: ইমেইল থ্রেড, স্মারক, সমঝোতা স্মারক (MOU)

(৮) জমাদানের তারিখ:

Annexure-KA

[Article 6(1) and 6(4)(a)]

Lead Registration Submission Format [For inclusion on the Website of the Authority]

(1) Full Name of the Lead Generator (Individual / Partnership/Limited Company):

(2) National ID (NID)/Passport Number/TIN of the Lead Generator:

(3) Proposed Investment Sector:

(4) Target Bangladeshi Organization (if applicable):

(5) Name of the Foreign Investor:

(6) Summary of Communications (Date, Type, Content):

(7) Attachments: Email threads, Memos, Memorandum of Understanding (MoU)

(8) Date of Submission:

সংযোজনী-খ
[অনুচ্ছেদ ৬ (৩) দ্রষ্টব্য]
আবেদন ফরম

আবেদনকারীর বিস্তারিত তথ্য	(১) ব্যক্তি/অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম:	
	(২) ব্যক্তির জন্ম তারিখ/ অংশীদারি প্রতিষ্ঠান/ লিমিটেড কোম্পানির প্রতিষ্ঠা সাল:	
	(৩) ব্যক্তির জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট নম্বর অথবা অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কেম্পানির TIN:	
	(৪) অংশীদারি প্রতিষ্ঠান/ কোম্পানির অংশীদারগণের/ শেয়ার হোল্ডারদের পূর্ণ নাম এবং জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট নম্বর:	
	(৫) যোগাযোগ: ক. ফোন নম্বর: খ. ইমেইল ঠিকানা:	
	(৬) বর্তমান পেশাগত পরিচয় (ব্যক্তির জন্য প্রযোজ্য) (প্রতিষ্ঠানের নাম, পদবি ও ঠিকানা):	
বৈদেশিক বিনিয়োগ (FDI) সম্পর্কিত তথ্য	(৭) বিদেশি বিনিয়োগকারীর নাম:	
	(৮) দেশ:	
	(৯) খাত:	
	(১০) মোট বিনিয়োগের পরিমাণ (মার্কিন ডলারে):	
	(১১) ব্যাংকের রেকর্ড অনুযায়ী বিদেশি বিনিযোগ (FDI) প্রবাহের তারিখ:	
FDI লিড জেনারেশনে অবদান	(১২) বিদেশি বিনিয়োগ FDI অর্জনে আপনার ভূমিকা বর্ণনা করুন। (আপনার নির্দিষ্ট অবদানের একটি স্পষ্ট সংক্ষিপ্ত বিবরণ দিন, যেমন: কীভাবে লিড সংগ্রহ করিয়াছেন, কী ধরনের সহায়তা করিয়াছেন ইত্যাদি)	

FDI লিড জেনারেশনে অবদান	(১৩) আবেদনের সাথে জমাকৃত সমর্থনকারী ডকুমেন্টের চেকলিস্ট:	১. ইউনিক আইডি ২.যাচাইযোগ্য যোগাযোগের প্রমাণ ৩. বিনিয়োগকারীর স্বীকৃতিপত্র ৪. হলফনামা ৫.ই-টিআইএন সার্টিফিকেট (ব্যক্তি/ অংশীদারি প্রতিষ্ঠান/ লিমিটিড কোম্পানি) ও জাতীয় পরিচয়পত্রের কপি ৬. রেমিট্যান্সের ব্যাংক প্রমাণ (SWIFT কপি) এবং অনুমোদিত ডিলার (AD) ব্যাংকের এনক্যাশমেন্ট সার্টিফিকেট
	১৪। প্রমাণক কাগজপত্রের সংযুক্তি	

Annexure-KHA
[Article 6(3)]
Application Form

Applicant Details	1. Full Name of the Individual / Partnership/Limited Company:	
	2. Date of Birth (for Individual)/ Year of Establishment (for Partnership/ Limited Company):	
	3. National ID (NID)/Passport Number (for Individual) OR TIN (for Partnership/Limited Company):	
	4. Full Name and NID/Passport Number of Partners /Shareholders (for Partnership /Limited Company):	
	5. Contact Information: i. Phone Number: ii. Email Address:	
	6. Current Professional Identity (Applicable for Individuals) [Organization Name, Designation and Address]:	
Foreign Direct Investment (FDI) Details	7. Name of the Foreign Investor:	
	8. Country:	
	9. Sector:	
	10. Total Investment Amount (in USD):	
	11. Date of Foreign Direct Investment (FDI) Inflow (as per Bank Records):	

Contribution to FDI Lead Generation	12. Describe your role in securing the Foreign Direct Investment (FDI): (Provide a clear summary of your specific contribution, such as: how the lead was acquired, what type of assistance was provided, etc.)	
	13. Checklist of Supporting Documents Submitted with the Application:	i. Unique ID ii. Verifiable Proof of Communication iii. Investor's Letter of Acknowledgement iv. Affidavit v. Copy of e-TIN Certificate (Individual/ Partnership /Limited Company) and National ID (NID) vi. Bank Proof of Remittance (SWIFT copy) and Encashment Certificate from the Authorized Dealer (AD) Bank
	14. Attachment of Supporting Documents	

সংযোজনী-গ
[অনুচ্ছেদ ৬(৪) (গ) দ্রষ্টব্য]
সুপারিশপত্রের নমুনা

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, [আবেদনকারীর নাম], যাহার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট নাম্বার অথবা অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির নাম, ট্রেড লাইসেন্স নাম্বার, টিআইএন, বাংলাদেশে আমাদের বিনিয়োগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়াছেন। তাঁহার অবদানের মধ্যে নিম্নোক্ত বিষয় অন্তর্ভুক্ত রহিয়াছে:

- প্রাথমিক পরিচিতি করানো
- বিনিয়োগ সমন্বয়
- নিয়ন্ত্রক প্রক্রিয়ায় পরামর্শ প্রদান

আমরা [মোট বিনিয়োগের পরিমাণ] মার্কিন ডলারের বিনিয়োগে তাঁহাকে বিদেশি বিনিয়োগ (FDI) লিড জেনারেটর হিসাবে স্বীকৃতি দিতেছি।

বিনীত,

[বিদেশি বিনিয়োগকারীর প্রতিনিধির নাম]
[পদবি]
[যোগাযোগের তথ্য]
[কোম্পানির সিল/মোহর]

Annexure-GA
[Article 6(4) (c)]

Sample Recommendation Letter (as applicable)

This is to certify that [Name of the applicant], holder of National ID/Passport No. [Number]/Partnership/ Limited Company's Trade License Number, TIN, has played a significant role in facilitating our investment in Bangladesh. His/her contributions include the following:

- Initial introduction
- Investment coordination
- Advisory support in regulatory processes

We hereby recognize him/her/it as a Foreign Direct Investment (FDI) Lead Generator for his/her/its contribution to our investment amounting to [total investment amount] USD.

Sincerely,

[Name of the representative of the foreign investor]
[Designation]
[Contact Information]
[Company Seal/Stamp]

সংযোজনী-ঘ
[অনুচ্ছেদ ৬(৪) (ঘ) দ্রষ্টব্য]
হলফনামা নমুনা

আমি, [আবেদনকারীর পূর্ণ নাম], পিতা/মাতা [পিতার নাম] এর পুত্র/কন্যা, [সম্পূর্ণ ঠিকানা] /অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম, ট্রেড লাইসেন্স নাম্বার, টিআইএন, সম্পূর্ণ ঠিকানা -এ বসবাসরত, এই মর্মে শপথপূর্বক ঘোষণা করিতেছি যে:

১। আমার/ অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম বিদেশি বিনিয়োগ (FDI) প্রণোদনা আবেদনে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সম্পূর্ণ।

২। আমি/ অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম গত ২ (দুই) বৎসরে বিনিয়োগকারী বা প্রাপক প্রতিষ্ঠানের সাথে কোনোভাবেই সম্পৃক্ত ছিলাম না।

৩। আমি/অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম এই আবেদনের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) বৎসর বিনিয়োগকারী বা প্রাপক প্রতিষ্ঠানের সহিত কোনো আনুষ্ঠানিক সম্পর্ক করিবো না।

৪। প্রণোদনা পাইবার জন্য আমি/অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম কোনো প্রতারণামূলক বা অনৈতিক কার্যকলাপে জড়িত হই নাই।

৫। আমি/অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম ঘোষণা দিতেছি যে, আমি/ অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম বিনিয়োগকারীর কোনো রকম নিকটাত্মীয় নই।

আমি/অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম, জানি যে, উপরে প্রদত্ত ঘোষণাগুলোর কোনো একটি মিথ্যা প্রমাণিত হইলে আমার/অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম আবেদন বাতিল হইবে ও প্রাপ্ত সমুদয় অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকিব এবং আমার/অংশীদারি প্রতিষ্ঠান/লিমিটেড কোম্পানির পূর্ণ নাম বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে।

স্বাক্ষর: .....

তারিখ: .....

[একজন অনুমোদিত কর্তৃপক্ষ কর্তৃক নোটারাইজ করিতে হইবে]

Annexure-GHA
[Article 6(4) (d)]
Affidavit Sample

I, [Full name of the applicant], son/daughter of [Father's/Mother's name], residing at [Full address]/Partnership/Limited Company's Full name, Address, Trade license number, do hereby solemnly affirm and declare that:

1. All information provided in my/Partnership/Limited Company's application for Foreign Direct Investment (FDI) incentive is accurate and complete.
2. I/Partnership/Limited Company's name have/has not been associated in any manner with the investor or the recipient organization during the past two years.
3. I/Partnership/Limited Company's name will not enter into any formal relationship with the investor or the recipient organization for a period of two years from the date of this application.
4. I/ Partnership/Limited Company's name have/has not been involved in any fraudulent or unethical activities to obtain the incentive.
5. I/Partnership/Limited Company's name hereby declare that I/ Partnership/Limited Company's name am/is not a close relative of the investor.

I/Partnership/Limited Company's name am/is aware that if any of the above declarations is found to be false, my/Partnership/Limited Company's name application must be cancelled and I/Partnership/Limited Company's name will return the incentive amount and any legal action may be taken against me / Partnership/Limited Company's name.

Signature: .....

Date: .....

[To be notarized by an authorized authority.]

সংযোজনী-ঙ
[অনুচ্ছেদ ৩(৮) ও ৭(৫)(খ) দ্রষ্টব্য]
মূল্যায়নের নমুনা স্কোরিং ম্যাট্রিক্স

মূল্যায়নের নমুনা স্কোরিং ম্যাট্রিক্স

মানদণ্ড	নম্বর বণ্টন
প্রাথমিক সম্পৃক্ততা	২৫
প্রমাণক দলিলপত্র	২৫
বিনিয়োগকারীর সুপারিশ	২০
বিনিয়োগের আকার ও প্রভাব (খাত ও জাতীয় অগ্রাধিকার সামঞ্জস্য)	২০
স্বার্থের সংঘাত মুক্ততা	১০
সর্বমোট	**১০০**

[বিনিয়োগের আকার: ১৬ (মার্কিন ডলারে)]

মানদণ্ড	নম্বর বণ্টন
১ মিলিয়ন হতে ৫ মিলিয়ন	৪
৫.১ মিলিয়ন হতে ১০ মিলিয়ন	৮
১০.১ মিলিয়ন হতে ২০ মিলিয়ন	১২
২০ মিলিয়ন হতে উপরে	১৬

[বিনিয়োগের খাত: ০৪]

বি: দ্র: FDI Heatmap এ বর্ণিত খাতসমূহ অগ্রাধিকার পাইবে এবং আবেদনকারী এই খাতে আনয়নকৃত FDI এর উপর পূর্ণ নম্বর পাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফাহমিদ ফারহান
পরিচালক-১

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd